পরিচিত পথ/অপরিচিত পথ

অটিসটিক
ব্যাপক আকারের অস্বাভাবিকতা

পিতামাতা ও কেয়ারারদের জন্য একটি নির্দেশিকা

আপনার শিশুকে যদি সম্প্রতি অটিজমগ্রস্ত (এক ধরনের মানসিক রোগ যার ফলে শিশুরা নিজেকে নিজের মধ্যে গুটিয়ে রাখে) হিসাবে সনাক্ত করা হয়ে থাকে অথবা তার অটিজম হওয়ার প্রবণতা থাকতে পারে বলে সন্দেহ করা হয় - অথবা যদি আপনি সন্দেহ করেন যে আপনার শিশুর অটিজম আছে - তাহলে আপনার হয়তো অনেক প্রশ্ন থাকতে পারে। আপনি জানতে চাইবেন যে, আপনার শিশুর অটিজম আছে বলতে কি বোঝায় এবং আপনার পরিবারের উপরই বা এর কি প্রভাব পড়বে।

প্রথমত: আমরা দুটো বিষয়ের উপর জোর দিতে চাই:

এতে আপনার কোন দোষ নেই! যেভাবে আপনি আপনার শিশুকে লালন-পালন করছেন তার সাথে অটিজমের কোন সম্পর্ক নেই। অটিজমগ্রস্ত ছেলেমেয়েদের পিতামাতগণ অন্য দশজন পিতামাতারই মতো।

আপনি একাকী নন! ব্রিটেনে ৫০০,০০০ জনেরও বেশী লোক রয়েছেন যাদের হয় নিশ্চিতভাবে অটিজম রয়েছে বা অটিজম হওয়ার সম্ভাবনা রয়েছে। আপনার শিশু সহ, এদের প্রতি জনের আচরণ এক এক রকমের, তবে এদের সকলেরই বিশেষ কিছু সাধারণ সমস্যা রয়েছে, যা দিয়ে তাদের সবাইকে একটি দলের মধ্যে ফেলা যেতে পারে। অতীতে যদিও অটিজম সম্পর্কে মানুষের মধ্যে ব্যাপক অজ্ঞতা ছিলো, তবে বর্তমানে অটিজমগ্রস্ত শিশুদের যেসব চাহিদা রয়েছে এবং তারা যেসব অসুবিধার সম্মুখীন হয় সেগুলো সম্পর্কে মানুষের সচেতনতা দিন দিন বৃদ্ধি পাচ্ছে, এবং অটিজম নিয়ে কাজ করছেন এমন বিশেষজ্ঞের সংখ্যাও দিন দিন বৃদ্ধি পাচ্ছে। সমগ্র দেশজুড়ে ‘দি ন্যাশনাল অটিসটিক সোসাইটি’র ৮,০০০ জনেরও বেশী সদস্য এবং বহু সংখ্যক যোগাযোগের ঠিকানা রয়েছে। এই সোসাইটি অটিজম রোগ সনাক্তকরণ, এর জন্য যেসব সেবার ব্যবস্থা রয়েছে, এবং এই অস্বাভাবিকতাগ্রস্থ শিশুর শিক্ষা-দীক্ষা ইত্যাদির উপর ব্যাপক ধরনের তথ্য ও পরামর্শ প্রদানের মাধ্যমে মানসিক স্বাস্থ্যে ব্যাপক অস্বাভাবিকতা (অটিসটিক স্পেকট্রাম ডিসওয়ার্ডার)গ্রস্ত শিশুদের জটিল চাহিদাগুলোকে উপস্থাপন করতে চায়।

আমাদেরকে প্রায়ই যেসব প্রশ্ন করা হয়ে থাকে এখানে তার কয়েকটি উল্লেখ করা হলো - তবে দয়া করে মনে রাখবেন যে, যদি আপনি অটিজমের যেকোন দিক সম্পর্কে অথবা ‘অ্যাস্পার সিনড্রোম’ সম্পর্কে আরো বেশী তথ্য পেতে চান, তাহলে আপনাকে সাহায্য করার জন্য আমরা আমাদের সাধ্যমতো চেষ্টা করবো।

অটিজম কি?

অটিজম হলো মানসিক উন্নতির ক্ষেত্রে একটি জীবন-ব্যাপী প্রতিবন্ধকতা যার ফলে সামাজিক কর্মকাণ্ডে এবং কথা বলার ক্ষেত্রে উন্নতি বাধাগ্রস্ত হয়। অটিজমগ্রস্ত লোকদের প্রায়ই শিক্ষার ক্ষেত্রেও অসুবিধা থাকে, তবে তাদের বুদ্ধিমত্তার মাত্রা যেমনই হোক না কেন, অধিকাংশ লোক দুনিয়া সম্পর্কে যেভাবে বুঝতে শেখে সেভাবে বোঝার ক্ষেত্রে তাদের সকলের মধ্যেই একটি সাধারণ সমস্যা দেখতে পাওয়া যায়। অটিজমগ্রস্ত শিশুদের মাঝে কিছু কিছু দক্ষতা অন্যগুলো থেকে ভালো হতে পারে, আর সেইজন্য তাদের উন্নতি শুধু আস্তেই হয় না বরং শিখতে অসুবিধাগ্রস্ত অন্যান্য ছেলেমেয়েদের তুলনায় তাদের উন্নতি হবে অসম এবং ভিন্ন প্রকৃতির।

নিচে প্রদর্শিত ছবির সাহায্যে অটিজমের সাথে যেসব সমস্যা জড়িত থাকে তার কিছু নমুনা দেখানো হয়েছে। এগুলো ছাড়াও আরো এক ধরনের অটিজম রয়েছে যা **'অ্যাসপারগার সিনড্রোম'** নামে পরিচিত। অটিসটিক স্পেকট্রামের শেষ দিকের সক্ষম পরিস্থিতিতে এটা হতে পারে। (আরো তথ্যের জন্য আমাদের *What is Asperger syndrome?* - নামের প্রচারপত্রটি চেয়ে নিন)।

অটিজমের বৈশিষ্টগুলো কি?

বিভিন্ন লোকের মধ্যে অটিজমের অস্বাভাবিকতার ব্যাপকতা বিভিন্ন রকম হয়ে থাকে, তবে যারা এই সমস্যায় ভুগছেন তাদের সকলের মধ্যেই তিনটি সাধারণ অক্ষমতা দেখতে পাওয়া যায়। এগুলোর ফলে তাদের মধ্যে যেসব সমস্যা থাকে সেগুলো হলো:

- **সামাজিকভাবে মেলামেশা করা** (সামাজিকভাবে মেলামেশায় অসুবিধা)
- **অন্যদের সাথে কথা-বার্তা বলা** (মৌখিক অথবা অ-মৌখিকভাবে কথা-বার্তা বলা বা যোগাযোগ করার ক্ষেত্রে অসুবিধা)
- **কল্পনাশক্তি** (খেলাধূলা ও কল্পনাশক্তির বিকাশে সমস্যা)

এই তিনটি সমস্যা ছাড়াও তাদের মধ্যে বার বার একই প্রকৃতির আচরণ করার প্রবণতা লক্ষ্য করা যায় এবং তাদের গতানুগতিক জীবন-যাত্রাতে কোন পরিবর্তন আনতে গেলে তাতে তারা বাধা প্রদান করে।

অটিজম হওয়ার কারণ কি?

এটি এমন একটি প্রশ্ন যা প্রত্যেকেই জিজ্ঞাসা করে থাকে। দূর্ভাগ্যবশত:, এই প্রশ্নের জবাব দেওয়াও খুবই কঠিন ব্যাপার কারণ যে ধরনের আচরণগত বৈশিষ্ট থেকে অটিজম সনাক্ত করা হয় সেগুলোর পিছনে হয়তো একটি মাত্র কারণ নাও থাকতে পারে।

যাইহোক, এ ব্যাপারে শক্তিশালী কারণ রয়েছে যে, বিভিন্ন ধরনের দৈহিক কারণে অটিজম হতে পারে, এগুলোর ফলে মস্তিষ্কের বিকাশ ক্ষতিগ্রস্ত হয়। তবে আবেগগত সমস্যা অথবা আবেগগতভাবে বঞ্চিত হওয়ার ফলে এটা হয় না। প্রায়ই ক্ষেত্রে অটিজম শুরু হয় তিন বছর বয়স থেকে।

মেয়েদের থেকে ছেলেদের মধ্যে চারগুণ বেশী এই রোগ দেখা যায়, এবং এই রোগের সাথে সামাজিক শ্রেণী অথবা জাতীয়তার কোন সম্পর্ক নেই।

রোগের পূর্বাভাস কি?

অটিজম একদম ভালো হয়ে যায় না, তবে এই রোগের চিকিৎসা করা যায়, বিশেষ করে যদি সেটা অল্প বয়সে সনাক্ত করা যায়।

রোগ নির্ণয়ের জন্য আমি কার কাছে যাবো?

যদি আপনি মনে করেন যে, আপনার শিশুর অটিজমের ব্যাপক অস্বাভাবিকতা রয়েছে, তাহলে আপনার শিশুর রোগটি সনাক্ত করা ও রোগের ব্যাপকতা যাচাই করার জন্য তাকে যত তাড়াতাড়ি সম্ভব একজন বিশেষজ্ঞের কাছে পাঠাতে হবে। প্রথমেই আপনার জিপির কাছে যেতে পারেন তিনিই আপনাকে আপনার স্থানীয় একজন বিশেষজ্ঞের কাছে পাঠাতে পারবেন।

শিক্ষা

১৯৯৬ সালের শিক্ষা আইন মোতাবেক, শিশুর বিশেষ শিক্ষার প্রয়োজন হলে লোকাল অথোরিটিকে ঐ শিশুর বিশেষ শিক্ষার চাহিদার উপর একটি মূল্যায়ন কার্য সম্পন্ন করতে হবে। কোন কোন সময় শিশুকে হয়তো একটি বিশেষ কেন্দ্রে পাঠানো লাগতে পারে কারণ স্থানীয় বিশেষজ্ঞগণ হয়তো শিশুর অটিজম বিষয়ক অস্বাভাবিকতার ব্যাপকতা সম্পর্কে পরিপূর্ণ নাও জানতে পারেন।

অটিজমগ্রস্ত শিশুদের বিভিন্ন ধরনের শিক্ষাগত চাহিদা থেকে থাকে, আর তাই তাদের সেসব চাহিদা মেটানোর জন্য বিভিন্ন বিকল্প ব্যবস্থা গ্রহণ করার প্রয়োজন হয়। সেজন্যই, আপনার শিশুর জন্য কোন ধরনের শিক্ষা উপযুক্ত হবে সেটা ঠিক করার জন্য তার দক্ষতা ও চাহিদাগুলোকে যথাযথোভাবে যাচাই করে দেখাটা খুবই গুরুত্বপূর্ণ। এই মূল্যায়ন বা যাচাই প্রক্রিয়ায় পিতামাতা ও কেয়ারারগণের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে এবং ন্যাশনাল অটিসটিক সোসাইটি (NAS) সম্ভাব্য ক্ষেত্রে পিতামাতাদেরকে এই মূল্যায়ন প্রক্রিয়া সম্পর্কে পরামর্শ দান করার জন্য সব সময়েই চেষ্টা চালাবে।

এ ধরনের একটি মূল্যায়নের উপর ভিত্তি করে, আপনার সন্তানের চাহিদাগুলো কোন উপায়ে সবচেয়ে ভালোভাবে মেটানো যেতে পারে সে ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। একটি বিকল্প হতে পারে এই যে, শিখতে অসুবিধাগ্রস্ত অন্যান্য ছেলেমেয়েদের সাথে আপনার সন্তানকেও একত্রে একই সেবা প্রদান করা হবে। অন্য বিকল্প হতে পারে, আপনার সন্তানকে অটিজম বিষয়ক ব্যাপক অস্বাভাবিকতাগ্রস্ত ছেলেমেয়েদের বিশেষ স্কুল বা ইউনিটে পাঠানো, এবং তৃতীয় বিকল্প হতে পারে এই যে, আপনার সন্তানকে স্বাভাবিক স্কুলে ভর্তি করানো এবং সেখানে তাকে বাড়তি সাহায্য-সহযোগিতা প্রদান করা। সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো এটা নিশ্চিত করা যে, আপনার সন্তানের যে বিশেষ শিক্ষার চাহিদা রয়েছে তা স্বীকার করে নিয়ে তার চাহিদাগুলো মেটানোর ব্যবস্থা করা।

শিক্ষা এবং ব্যবস্থাপনার কর্মসূচী ছাড়াও বিভিন্ন ধরনের থেরাপিও দেওয়া হয়। কোন কোন সময় পিতামাতাগণ দেখতে পান যে, কোন একটি বিশেষ থেরাপি হয়তো তাদের সন্তানকে সাহায্য করছে - তবে, দূর্ভাগ্যবশত:, প্রত্যেকের জন্যই ভালো হবে এমন একক কোন থেরাপি এখন পর্যন্ত পাওয়া যায়নি!

আমরা একটি ন্যাশনাল সোসাইটি হিসাবে পিতামাতাদেরকে তথ্য ও পরামর্শ দেওয়ার চেষ্টা করছি, আর তাই অপরীক্ষিত কোন চিকিৎসা সম্পর্কে বলার ব্যাপারে আমাদেরকে অবশ্যই সতর্ক হতে হবে। পিতামাতাগণ

যদি বিশেষ কোন থেরাপি অথবা ব্যবস্থাপনা কৌশল গ্রহণ করতে চান তাহলে স্বাভাবিকভাবেই আমরা তাদের সে সিদ্ধান্তের প্রতি সমর্থন জানাবো এবং আমাদের কাছে এই রোগের প্রতিকারের যত পদ্ধতি ও চিকিৎসার কথা জানা আছে সেগুলো সম্পর্কে তাদেরকে তথ্য প্রদান করবো।

একটি ব্যাপক আকারের অস্বাভাবিকতা
অটিজম একটি ব্যাপক আকারের অস্বাভাবিকতা যার মানে হলো এই যে, এই সমস্যাটির মাত্রা বিভিন্ন স্তরের হতে পারে। 'ব্যাপক অটিসটিক অস্বাভাবিকতা' (অটিসটিক স্পেকট্রাম ডিজ্‌ওয়ার্ডার) বলতে সমস্যাটির সকল পর্যায়ের অস্বাভাবিকতাকে বোঝানো হয়ে থাকে।

অটিজম রোগ থাকা অথবা অটিজমগ্রস্ত কোন শিশুর পিতামাতার জন্য অনেক নেতিবাচক দিক রয়েছে। তবে এক্ষেত্রে অনেক ইতিবাচক দিকও আছে - আমার ছেলে একটি সুন্দর ছেলে, তার রয়েছে অতি সুন্দর ব্যক্তিত্য - আর গতানুগতিক ছেলেমেয়েদের মতো নয় - সে ভাবে আছে তাতেই তাকে খুব ভালো লাগে।

একজন পিতামাতার বক্তব্য

সাহায্যের জন্য কি করা যেতে পারে?

আপনার দ্বারা

আপনার নিজ সন্তান সম্পর্কে অন্যদের চেয়ে আপনিই সবচেয়ে বেশী জানেন, বিশেষ করে তার সমস্যা, সে কি ভালোবাসে অথবা সে কি পছন্দ করে না ইত্যাদি। সকল ছেলেমেয়েদের মধ্যে অটিজমগ্রস্ত একজন ছেলে/মেয়ে ভিন্ন প্রকৃতির এবং একজন পিতা/মাতা অথবা কেয়ারার হিসাবে এ ব্যাপারে আপনিই হলেন বিশেষজ্ঞ। শিক্ষা সাহায্য করতে পারে এবং পিতামাতাগণ কেবল তাদের সন্তানদের প্রথম শিক্ষকই নন তারা তাদের সন্তানদের উন্নতির পুরো প্রক্রিয়াতেই সাহায্য করে যেতে পারেন।

অটিজমগ্রস্ত যেকোন ছেলেমেয়েকে আত্মনির্ভরশীল হয়ে গড়ে উঠার জন্য প্রয়োজনীয় দক্ষতা শিক্ষা দেওয়া তার শিক্ষা জীবনের একটি গুরুত্বপূর্ণ দিক, কারণ এসব দক্ষতা তাদেরকে সবচেয়ে বেশী আত্মনির্ভরশীলতা অর্জন করতে সাহায্য করতে এবং অন্যান্যদের জীবনকে সহজ করে তুলতে পারে।

যদিও এটা মনে রাখা সম্ভবত: খুবই গুরুত্বপূর্ণ যে, আপনার সন্তান একটি পরিবারেরই অংশ এবং তার চাহিদাগুলো এবং তার অন্যান্য ভাইবোনদের চাহিদাসমূহের মধ্যেও একটি সামঞ্জস্য বিধান করতে হবে।

অন্যদের দ্বারা

যেহেতু আপনার সন্তানকে দেখতে স্বাভাবিক লাগে, তাই তার যে বিশেষ চাহিদা (স্পেশাল নীড্‌স্‌) রয়েছে অন্যদেরকে সেটা বুঝাতে আপনার হয়তো সমস্যা হতে পারে। কোন কোন সময় পিতামাতাদেরকে কিছুটা শিক্ষকের ভূমিকাও পালন করতে হয়, এমন কি মাঝে মধ্যে পেশাজীবিদের সাথেও যেমন, জিপি, শিক্ষক/শিক্ষিকা এবং হেলথ্‌ ভিজিটর ইত্যাদি।

ন্যাশনাল অটিসটিক সোসাইটির দ্বারা

১৯৬২ সালে পিতামাতাদের একটি দলের উদ্যোগে ন্যাশনাল অটিসটিক সোসাইটি গঠন করা হয় যাতে পরবর্তীতে অনেক আগ্রহী পেশাজীবি যোগদান করেছেন। বর্তমানে এই সোসাইটি অনেকগুলো সার্ভিস প্রদান করে থাকে। আমরা:

- অটিজমের উপর এবং অটিজমগ্রস্ত লোকদের খেলাপড়া ও তাদের দেখাশুনা করার উপর বিভিন্ন ধরনের প্রকাশনা এবং তথ্যপত্র তৈরী করে থাকি
- সারা দেশব্যাপী বহু সংখ্যক স্থানীয় সোসাইটি ও পরিবারকে সাহায্য-সহযোগিতা প্রদান করি
- আমাদের ‘ফেমিলি সার্ভিসেস্‌ ওয়ার্কার’দের একটি ছোট দল রয়েছে যারা বিভিন্ন স্টেচ্যুটরী সেকটার, পিতামাতা, কেয়ারার এবং অটিজমগ্রস্ত লোকদের মধ্যে যোগাযোগের ব্যবস্থা করেন
- বছরে তিন বার ‘কমিউনিকেশান’ নামে একটি ম্যাগাজিন এবং সদস্যদের একটি সংবাদপত্র প্রকাশ করি
- যেসব লোক অটিজমগ্রস্ত লোকদের সাথে কাজ করেন তাদের জন্য আমরা সমগ্র ব্রিটেন জুড়ে নিয়মিত সেমিনার এবং কনফারেন্স-এর আয়োজন করে থাকি
- আমাদের একটি রেফারেন্স লাইব্রেরী রয়েছে যেটা পিতামাতাগণ আগে থেকে অ্যাপয়েন্টমেন্ট করে নিয়ে ব্যবহার করতে পারেন
- স্থানীয় সোসাইটিগুলোর সাথে একযোগে প্রাপ্ত বয়স্কদের জন্য স্কুল এবং আরো অনেক সেবা-ব্যবস্থা পরিচালনা করি
- গবেষণা কাজে উৎসাহ প্রদান করি
- ইলিয়ট হাউস, দি সেন্টার ফর সোশ্যাল অ্যাণ্ড কমিউনিকেশান ডিস্‌ওয়ার্ডারস্‌-কে সাহায্য-সহযোগিতা প্রদান করে থাকি যারা রোগ নির্ণয় (ডায়াগনোসিস্‌), মূল্যায়ন (অ্যাসেস্‌মেন্ট), পেশাদার প্রশিক্ষণ এবং গবেষণার ব্যবস্থা করে।
- আমাদের রয়েছে ‘ডেভেলপমেন্ট অফিসার’দের একটি ছোট্ট দল। যেসমস্ত লোকাল অথোরিটি অটিজমগ্রস্ত লোকদের জন্য তাদের সেবা-ব্যবস্থার উন্নতি এবং সম্প্রসারণ করতে চান তাদেরকে এইসব ‘ডেভেলপমেন্ট অফিসার’দের সাথে প্রথমে যোগাযোগ করা উচিত হবে।

সাহায্য ও পারমর্শ পাওয়ার আরো একটি উৎস হলো আপনার স্থানীয় সোশ্যাল সার্ভিসেস্‌ ডিপার্টমেন্ট; আপনার এলাকায় যেসব সার্ভিস পাওয়া যায় সেগুলো সম্পর্কে কোন একজন সোশ্যাল ওয়ার্কার আপনাকে বলতে পারবেন।

এসব ছোট ছোট মানুষের ছবির সাহায্যে অটিজমের সাথে যেসব সমস্যা জড়িত থাকে তার কিছু নমুনা দেখানো হয়েছে

কাজে উৎসাহ নেই

বয়স্ক কোন লোক বললে এবং সহযোগিতা করলে তবেই যোগ দেয়

বয়স্ক ব্যক্তির হাত ব্যবহার করে চাহিদাগুলোর কথা প্রকাশ করে

একজনই শুধু কাজ করছে

অন্য ছেলেমেয়েদের সাথে খেলাধূলা করে না

একোল্যালিক - তোতা পাখীর মতো সব কথা নকল করে

একটি বিষয় নিয়ে অবিরামভাবে কথা বলা

অদ্ভুত ব্যবহার

কোন জিনিস নিয়ে নাড়াচাড়া করে অথবা ঘুরায়

পরিচিত পথ/অপরিচিত পথ

খেলাধূলার ভান করে, তবে সৃষ্টিশীলতার অভাব

বৈচিত্রতাই জীবনের মশলা নয়

চোখে চোখ রাখে না

অসামঞ্জস্য হাসি বা ফিকফিক করে হাসি দেওয়া

তবে কোন কোন কেউ হয়তো কিছু একটা খুব ভালোভাবে, খুব তাড়াতাড়ি করতে পারে, তবে সেগুলো এমন কাজ নয় যাতে সামাজিকভাবে কিছু বোঝার প্রয়োজন হয়

তুমি কি যাচ্ছো?

Bubble text

তুমি কি যাচ্ছো?

‘ন্যাশনাল অটিসটিক সোসাইটি’ মানসিক অসুবিধাগ্রস্ত শিশুদের উজ্জ্বল ভবিষ্যত নির্মাণের কাজে নিয়োজিত

অটিজম সম্পর্কে আরো তথ্য পেতে হলে দয়া করে এই ফরমটি পূরণ করুন

পদবী (মি:/মিসেস্/মিস্/মিজ্)   ইনিশিয়াল

সারনেম (বংশনাম)

ঠিকানা

পোস্টকোড

আপনি কি একজন: **পিতামাতা/কেয়ারার** **পেশাজীবী**
অন্যান্য

আমি যেগুলোর উপর আরো তথ্য চাই সেগুলো হলো:
বিভিন্ন কোর্স/সম্মেলন
স্থানীয় গ্রুপ/শাখা/সোসাইটিসমূহ
প্রকাশনাসমূহ
সদস্যপদ
এনএএস-এর ম্যাগাজিন ‘কমিউনিকেশান’

আমি যে পরিমাণ অর্থ দান করতে চাই:
(দয়া করে অর্থের পরিমাণ অংকে লিখুন)

The National Autistic Society (দি ন্যাশনাল অটিসটিক সোসাইটি)-এর অনুকূলে
আমি একটি চেক/পোস্টাল অর্ডার সংযুক্ত করে দিলাম
অথবা
আমার অ্যাকসেস্/ভিসা কার্ড থেকে উক্ত অর্থ নিয়ে নিন

মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ

কার্ড নম্বর

স্বাক্ষর

তারিখ **সকল দানের অর্থ কৃতজ্ঞতার সাথে গৃহীত হলো**

দয়া করে মনে রাখবেন যে, ন্যাশনাল অটিসটিক সোসাইটির সাথে যেকোন যোগাযোগ **অবশ্যই** ইংরেজীতে অথবা কোন অনুবাদকের মাধ্যমে করতে হবে।

দয়া করে এই ফরমটি নিচের ঠিকানায় ফেরত পাঠান:
The National Autistic Society,
393 City Road,
London EC1V 1NG

The National Autistic Society (দ্য ন্যাশনাল অটিসটিক সোসাইটি)
393 City Road
London
EC1V 1NG
টেলিফোন: 020 7833 2299
ফ্যাক্স: 020 7833 9666
ই-মেইল: nas@nas.org.uk
www.nas.org.uk

NAS Scotland
Central Chamber First Floor
109 Hope Street
Glasgow
G2 6LL
টেলিফোন: 0141 221 8090
ফ্যাক্স: 0141 221 8118
ই-মেইল: scotland@nas.org.uk

NAS Wales
William Knox House
Suite C1
Britannic Way
Llandarcy
Neath
SA10 6EL
টেলিফোন: 01792 815915
ফ্যাক্স: 01792 815911
ই-মেইল: wales@nas.org.uk

NAS Services Division
Church House
Church Road
Filton
Bristol
BS34 7BD
টেলিফোন: 0117 974 8400
ফ্যাক্স: 0117 987 2576
ই-মেইল: services@nas.org.uk

The Centre for Social and Communication Disorders
Elliot House
113 Masons Hill
Bromley
Kent
BR2 9HT
টেলিফোন: 020 8466 0098
ফ্যাক্স: 020 8466 0118
ই-মেইল: elliot.house@nas.org.uk

অটিসটিক সোসাইটি একটি লিমিটেড কোম্পানী। এটি ইংল্যাণ্ডে নিবন্ধনকৃত, নম্বর: 1205298।
নিবন্ধনকৃত অফিসের ঠিকানা: 393 City Road, London EC1V 1NG. চ্যারিটি হিসাবে নিবন্ধনকৃত, নম্বর: 269425।

প্রচ্ছদের ছবি তুলেছেন স্টীভ হিকি এবং এড ফ্রীম্যান